

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ২৯-০২-২০২৪

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (২৬-০২-২০২৪ থেকে ২৮-০২-২০২৪ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

উক্ত সময়ের মধ্যে:

২৬ ফেব্রুয়ারী: গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দক্ষিণ দিনাজপুর জেলার দুয়েক জায়গায় অতি হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): নেই

২৭ ফেব্রুয়ারী: পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): নেই

২৮ ফেব্রুয়ারী: গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, হাওড়া, পুরুলিয়া এবং উত্তর ২৪ পরগনা জেলার কয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): ঝাড়গ্রাম: ১;

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ): উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৭১ থেকে ৮১ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৬৩ থেকে ৮৫ শতাংশ।

সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা : উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বনিম্ন তাপমাত্রা ২৬ই ফেব্রুয়ারী শ্রীনিকেতন ও বর্ধমানে ১৫ ডিগ্রি সেলসিয়াস ছিল।

রাতের তাপমাত্রা

তারিখ	স্বাভাবিক	স্বাভাবিকের থেকে			
		২-৪ ডিগ্রি সেলসিয়াস কম	৫-৬ ডিগ্রি সেলসিয়াস কম	২-৪ ডিগ্রি সেলসিয়াস বেশী	৫-৬ ডিগ্রি সেলসিয়াস বেশী
		জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম
২৬-০১-২০২৪	দার্জিলিং, কালিম্পং, কোচবিহার, মালদা, বালুরঘাট, কৃষ্ণনগর, মেদিনীপুর, আলিপুর, দমদম, দীঘা	জলপাইগুড়ি	কাঁথি	বহরমপুর	--
২৭-০১-২০২৪	দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, বালুরঘাট, কৃষ্ণনগর, মেদিনীপুর, আলিপুর, দমদম, দীঘা	কোচবিহার, কাঁথি	--	মালদা, বহরমপুর,	--
৪২০২-১০-১২	দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, কোচবিহার, বালুরঘাট, কৃষ্ণনগর, কাঁথি	--	--	মালদা, বহরমপুর, মেদিনীপুর, আলিপুর, দমদম, দীঘা	--

পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

২৯ ফেব্রুয়ারী (দিন ১) -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং জেলার দুয়েক জায়গায় বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। ভূমি অঞ্চলের জেলাগুলিতে আগামী ৫ দিন, রাতের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না।

০১ মার্চ (দিন ২)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাং জেলার দুয়েক জায়গায় বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

০২ মার্চ (দিন ৩) -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাং জেলার কয়েক জায়গায় এবং আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

সতর্কীকরণ:

২৯ ফেব্রুয়ারী (দিন ১) -

কোনো সতর্কবার্তা নেই।

০১ মার্চ (দিন ২)-

কোনো সতর্কবার্তা নেই।

০২ মার্চ (দিন ৩) -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ এবং আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ ঝোড়ো হাওয়ার (সর্বোচ্চ গতিবেগ ৩০-৪০ কিমি প্রতি ঘন্টা) সম্ভাবনা আছে।

পরবর্তী ২ দিনের অনুমান: সামান্য পরিবর্তন হবে।

স্বাক্ষরিত

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর, কলকাতা-২৭

২৯-০২-২০২৪